বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

ফরেক্স রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

এফআরটিএমডি সার্কুলার নং - ০২

তারিখ ঃ ০১ জ্যৈষ্ঠ, ১৪১৩ ।
১৫ মে, ২০০৬ ।

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়বৃন্দ,

রপ্তানী চুক্তির বিপরীতে উৎপাদনের জন্য উপকরণাদি সাইটভিত্তিতে আমদানীর নিমিত্তে রপ্তানী উন্নয়ন তহবিল (Export Development Fund) অর্থায়ন লভ্য হওয়া প্রসঙ্গে।

রপ্তানী উৎপাদনের জন্য উপকরণাদি সাইটভিত্তিতে আমদানীর EDF অর্থায়নের বিষয়ে ৩/৪/০৫ইং তারিখের ডিওএস সার্কুলার নং ০৫ এবং তৎপুর্ববর্তী নির্দেশাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

বিদ্যমান নির্দেশনা অনুযায়ী ইডিএফ এর আওতায় সর্বোচ্চ এক মিলিয়ন মাঃ ডঃ পর্যন্ত অর্থায়ন কেবলমাত্র রপ্তানী ঋণপত্রের বিপরীতে প্রয়োজনীয় উপকরণাদি আমদানীর জন্য ব্যবহার্য । এ মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়েছে যে এখন থেকে রপ্তানী ঋণপত্রের বিপরীতে উপকরণাদি আমদানীর পাশাপাশি রপ্তানী চুক্তির বিপরীতে উপকরণাদি সাইটভিত্তিতে আমদানীর জন্যও ইডিএফ অর্থায়ন লভ্য হবে । তবে পুর্ববর্তী কোনো রপ্তানীর মুল্য জাহাজীকরণের চার মাসের মধ্যে প্রত্যাবাসিত না হয়ে মেয়াদোত্তীর্ণ রয়েছে এমন রপ্তানীকারকের জন্য চুক্তির বিপরীতে আমদানীর জন্য ইডিএফ থেকে অর্থায়ন প্রদেয় হবে না ; এবং রপ্তানী ঋণপত্রের ও রপ্তানী চুক্তির বিপরীতে সাকুল্য ইডিএফ অর্থায়ন প্রত্যেক রপ্তানীকারকের জন্য বর্তমান এক মিলিয়ন মার্কিন ডলার মাত্রায় সীমিত থাকবে ।

ইডিএফ সংক্রান্ত বিদ্যমান অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বেলায়েত হোসেন)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৫৭ ।